

শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ স্থগিত শাবির ভিসি বিরোধী আন্দোলন

শাবি প্রতিনিধি

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের হস্তক্ষেপে স্থগিত হলো শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চলমান ভিসিবিরোধী আন্দোলন। দুর্নীতি, স্বজনপ্রীতি ও অর্থ-আত্মসাৎসহ নানা অভিযোগ এনে ভিসি অধ্যাপক ড. আমিনুল হক ভূইয়ার অপসারণ দাবিতে টানা ৩৪ দিন বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন শেষে ২৩ জুলাই কর্মসূচি স্থগিত করার ঘোষণা দেন সরকারদলীয় শিক্ষক পরিষদের আহ্বায়ক অধ্যাপক ড. সৈয়দ শামসুল আলম।

এর আগে সচিবালয়ে বিকাল ৩টায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে আন্দোলনকারী শিক্ষকদের মধ্য থেকে অধ্যাপক ড. সৈয়দ শামসুল আলমের নেতৃত্বে আট সদস্যের একটি প্রতিনিধিদল রুজ্জবার বৈঠকে মিলিত হন। প্রায় তিন ঘণ্টাব্যাপী বৈঠকে শিক্ষামন্ত্রীকে বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি সম্পর্কে অবগত করেন এবং তাদের আন্দোলনের যৌক্তিকতা তুলে ধরেন শিক্ষকরা। এ সময় বিশ্ববিদ্যালয়ের সার্বিক বিষয়ে শিক্ষামন্ত্রী হস্তক্ষেপ করলে আন্দোলনকারীরা আন্দোলন স্থগিতের ঘোষণা দেন। অন্যদিকে শুরুর বিকাল ৫টায় ভিসি অধ্যাপক ড. আমিনুল হক ভূইয়ার সঙ্গে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের বৈঠক হওয়ার কথা রয়েছে।

এদিকে আন্দোলন স্থগিত করে বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে না আনলে ঈদের পর মাঠে নেমে আন্দোলন-প্রহিত করা হবে- ছাত্রলীগ নেতাদের এমন ঘোষণায় সরকারদলীয় শিক্ষক এবং ছাত্রলীগের মধ্যে দা-কুমড়ো সম্পর্ক বিরাজ করে। ঈদের পর ক্যাম্পাসের পরিস্থিতি কী হবে এ নিয়ে সাধারণ শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক বিরাজ করে। উন্নত পরিস্থিতিতে ক্যাম্পাস খোলার আগেই শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপে আন্দোলন স্থগিত করায় স্ততি প্রকাশ করেন সাধারণ শিক্ষার্থীরা।

আন্দোলনকারী শিক্ষকদের মুখপাত্র অধ্যাপক ড. সৈয়দ শামসুল আলম বলেন, শিক্ষামন্ত্রীর সঙ্গে তিন ঘণ্টাব্যাপী এ বৈঠকে আমরা বিস্তারিতভাবে বিশ্ববিদ্যালয় সম্পর্কে অবহিত করেছি। দাবি আদায়ের ব্যাপারে আমরা আশাবাদী, তবে প্রয়োজন হলে পরবর্তীতে আন্দোলনের নতুন কর্মসূচি ঘোষণা করা হবে।

উল্লেখ্য, ভিসি অধ্যাপক ড. আমিনুল হক ভূইয়ার অপসারণ দাবিতে গত ২২ জুন থেকে টানা ৩৪ দিন প্রশাসনিক ভবন অবরুদ্ধ করে রাখেন আন্দোলনকারীরা। এর আগে গত ২৪ এপ্রিল শিক্ষকদের আন্দোলনের মুখে দুই মাসের ছুটিতে যেতে বাধ্য হন শাবি ভিসি।